

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন, আগারগাঁও, ঢাকা।  
[www nbr.gov.bd](http://www nbr.gov.bd)

তারিখ: ২৯ সেপ্টেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ

প্রেস রিলিজ

**ব্যাংক গ্যারান্টির বিপরীতে আংশিক রপ্তানিকারকগণকে শুল্কমুক্তভাবে কাঁচামাল আমদানির সুবিধা প্রদান**

রপ্তানি বাণিজ্যের সম্প্রসারণের লক্ষ্যে ব্যাংক গ্যারান্টির বিপরীতে আংশিক রপ্তানিকারক শিল্প প্রতিষ্ঠানকে শুল্কমুক্ত সুবিধায় কাঁচামাল আমদানির সুবিধা প্রদান করে ২৫/০৯/২০২৫ তারিখে একটি প্রজ্ঞাপন জারী করেছে জাতীয় রাজস্ব বোর্ড।

এ প্রজ্ঞাপনের মাধ্যমে বিদ্যমান বন্ড ব্যবস্থাপনার শর্তাদি মেনে যেসকল রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের পক্ষে বড়েড ওয়্যারহাউস লাইসেন্স গ্রহণ সম্ভবপর হয়ে ওঠে না তাদের জন্য শুল্ক-করাদি পরিশোধ না করে কাঁচামাল/ পণ্য আমদানি করার সুবিধা দেয়া হয়েছে। শুল্কমুক্ত এ সুবিধা গ্রহণের জন্য আমদানিকারক প্রতিষ্ঠানকে আমদানিকৃত পণ্যের ওপর কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক নিরূপিত শুল্ক করাদির সমপরিমান ব্যাংক গ্যারান্টি জমা দিতে হবে।

বন্ড লাইসেন্স না থাকা স্বত্তেও শুল্কমুক্ত সুবিধায় পণ্য আমদানির সুযোগ দেয়ার ফলে রপ্তানিকারক প্রতিষ্ঠানের উৎপাদন সক্ষমতার সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করার মাধ্যমে রপ্তানিযোগ্য পণ্যের বৈচিত্র্য বৃদ্ধি পাবে এবং দেশের রপ্তানি বাণিজ্য সম্প্রসারিত হবে মর্মে জাতীয় রাজস্ব বোর্ড আশা করে।

মেঝে আল-আমিন শেখ  
জনসংযোগ কর্মকর্তা  
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।